# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪২৮

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ বাবা মুশরিক হলেও তার সাথে সদাচারণ করা মুস্তাহাব যদি তাতে আল্লাহর নাফরমানী না হয়

## ذِكْرُ اسْتِحْبَابِ بِرِّ الْمَرْءِ وَالِدَهُ وَإِنْ كَانَ مُشْرِكًا فِيمَا لَا يَكُونُ فِيهِ سَخَطُ اللَّهِ جَلَّ وَعَلَا

আরবী

أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ حَدَّثَنَا أَحْمَدُ بْنُ سَعِيدٍ الْهَمْدَانِيُّ قَالَ حدثنا بن وَهْبٍ قَالَ أَخْبَرَنِي شَبِيبُ بْنُ سَعِيدٍ عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرٍو عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ مَرَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى عَبْدِ اللَّهِ بْنِ أبي بن سَلُولَ وَهُوَ فِي ظِلِّ أَجَمَةٍ "فَقَالَ قَدْ غبر علينا بن أَبِي كَبْشَةَ" فقَالَ ابْنُهُ عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ اللَّهِ وَالَّذِي أَكْرَمَكَ وَالَّذِي أَنْزَلَ عَلَيْكَ الْكِتَابَ لَئِنْ شِئْتَ لَآتِيَنَّكَ بِرَأْسِهِ فقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " لَا وَلَكِنْ بِرَّ أَبَاكَ وَأَحْسِنْ صحبته".

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 428 | خلاصة حكم المحدث: حسن.

বাংলা

৪২৮. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আব্দুল্লাহ বিন উবাই বিন সালূল এর পাশ দিয়ে অতিক্রম করেন। এসময় সে ঝোপের ছায়ায় ছিল। সে তখন বলে: “ইবনু আবী কাবশাহ (এর দ্বারা সে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বুঝিয়েছে) আমাদের উপর ধুলো উড়িয়ে দিলো!” এটা শুনে তার ছেলে আব্দুল্লাহ বিন আব্দুল্লাহ বলেন: “ঐ আল্লাহর কসম, যিনি আপনাকে সম্মানিত করেছেন, যিনি আপনার উপর কুরআন অবতীর্ণ করেছেন, আপনি যদি চান, তবে আমি তার মাথা আপনার কাছে নিয়ে আসবো!” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: না, (সেটার দরকার নেই) তুমি বরং তোমার বাবার সাথে সদাচারণ করবে, তার সাথে উত্তম আচরণ করবে।”[1]

قال أبو حاتم رضى الله تعالى عَنْهُ أَبُو كَبْشَةَ هَذَا وَالِدُ أُمِّ أُمِّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ قَدْ خَرَجَ إِلَى الشَّامِ فَاسْتَحْسَنَ دِينَ النَّصَارَى فَرَجَعَ إِلَى قُرَيْشٍ وَأَظْهَرَهُ فَعَاتَبَتْهُ قُرَيْشٌ حَيْثُ جَاءَ بِدِينٍ غَيْرِ دِينِهِمْ فَكَانَتْ

قُرَيْشٌ تُعَيِّرُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَتَنْسِبُهُ إِلَيْهِ يَعْنُونَ بِهِ أَنَّهُ جَاءَ بِدَيْنٍ غَيْرِ دِينِهِمْ كَمَا جَاءَ أَبُو كَبْشَةَ بِدَيْنٍ غَيْرِ دِينِهِمْ.

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: “আবু কাবশা হলো রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর মায়ের নানা। তিনি একবার শামে যান এবং সেখানে খ্রীষ্ট ধর্ম তার ভালো লাগে। অতঃপর তিনি কুরাইশদের কাছে ফিরে এসে সে ধর্ম প্রকাশ করেন। তখন কুরাইশরা তাকে তিরস্কার করেন। কারণ তিনি তাদের ধর্ম বাদ দিয়ে অন্য ধর্ম নিয়ে এসেছেন। এজন্য কুরাইশরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে নিন্দাস্বরুপ তার দিকে সম্পর্কিত করতো। এর দ্বারা বুঝাতো যে, তিনি তাদের ধর্ম বাদ দিয়ে অন্য ধর্ম নিয়ে এসেছেন যেমন আবু কাবশা তাদের ধর্ম বাদ দিয়ে অন্য ধর্ম নিয়ে এসেছিল।”

## ফুটনোট

[1] বাযযার: ২৭০৮।

হাদীসটির ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আস সহীহাহ: ৩২২৩।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88892

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন